দৈনিক সংবাদ

তারিখ ... 11 JUL 199[illegible] ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৭ ...

# প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে ছাত্র ধর্মঘট

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ৪ জন ছাত্রনেতার বহিষ্কারের প্রতিবাদে গতকাল মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ে ছাত্র ধর্মঘট পালিত হয়েছে। ঈদুল আজহার ছুটির পর গতকাল থেকেই বিশ্ববিদ্যালয়ে ক্লাস শুরু হওয়ার কথা ছিল।

গত ১লা জুলাই বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মোশাররফ হোসেন খানের সভাপতিত্বে বিশ্ববিদ্যালয় বোর্ড অব রেসিডেন্স এ্যাও ডিসিপ্লিন বোর্ড ঐ ৪ জন ছাত্রনেতাকে বহিষ্কারের সিদ্ধান্ত নেয়।

( শেষ পৃঃ ৮–এর কঃ দ্রঃ )

## প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে

(১ম পাতার পর)

বিশ্ববিদ্যালয়ের আহসান উল্লাহ হল সংলগ্ন একটি দোকান থেকে ১০ বোতল নকল স্যাভলন উদ্ধারের ঘটনাকে কেন্দ্র করে এই বহিষ্কার আদেশ প্রদান করা হয়।

বহিষ্কৃত ছাত্রনেতারা হচ্ছেন আহসান উল্লাহ হলের সাবেক ভিপি অসিত সাহা, বর্তমান ভিপি প্রশান্ত কুমার হালদার, জিএস বরুন কৃষ্ণ সাহা এবং কার্তিক চন্দ্রনাথ।